গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৮৩

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪২৬ / ১৯ ডিসেম্বর ২০১৯

বিষয় : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১০/১২/২০১৯ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন বিষয়ক পরিবীক্ষণ সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) ফর্দ।

১৯/১২/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব
ফোন : ৯৫৭৬৩৪৩
E-mail : fire1@ssd.gov.bd

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
{দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-২ শাখা)}

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব ........................................ উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৬। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা। ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। অফিস/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি অনুবিভাগ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ১০ ডিসেম্বর ২০১৯ |
| সময় | : | বিকাল ০৩.৩০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান যে, ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়নে সুরক্ষা সেবা বিভাগ ৫১টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ২২তম স্থান অর্জন করেছে। মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়নে সুরক্ষা সেবা বিভাগ ৮১টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ৬০টিতে শতভাগ অর্জন করেছে এবং ১২টি সূচকে কোনো অর্জন হয়নি। সার্বিক মূল্যায়ন অনুযায়ী সুরক্ষা সেবা বিভাগের প্রাপ্ত নম্বর ৮৮.৯৯। যে সকল সূচকে শতভাগ অর্জন হয়নি সে সকল সূচক-সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন সংক্রান্ত কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য মন্ত্রিপরিষদ সচিব মহোদয় এক আধা-সরকারি পত্রমূলে অনুরোধ জানিয়েছেন। তিনি উল্লেখ করেন যে, ২০১৭-২০১৮ অর্থবছরে এপিএ'তে ভালো ফল করার জন্য সুরক্ষা সেবা বিভাগ সম্মাননাপত্র প্রাপ্ত হয়েছিল। কিন্তু ২০১৮-২০১৯ অর্থবছরে সেই সাফল্য অর্জিত হয়নি বলে তিনি অসন্তোষ ব্যক্ত করেন। কোন্ কোন্ কারণে এ রকম হয়েছে তা অনুসন্ধান করে বের করে তার প্রতিকার করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০২। আলোচনায় অংশ নিয়ে এপিএ টিম প্রধান ও অতিরিক্ত সচিব জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী জানান যে, সুরক্ষা সেবা বিভাগের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নিম্নবর্ণিত সূচকসমূহে কোন অর্জন হয়নি:

| ক্রমিক | সূচকের নাম ও ক্রমিক | সূচকের মান | সূচকের সর্বোচ্চ লক্ষ্যমাত্রা | সূচকের সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| (১) | [২.৫.৪] মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ০১ | ১৫/৭/২০১৮ | ১৫/১১/২০১৮ |
| (২) | [৪.৫.১] পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্রের ডিপিপি চূড়ান্তকরণ | ০১ | ৩০/৯/২০১৮ | ৩০/১/২০১৯ |
| (৩) | [৫.১.১] সুরক্ষা সেবা বিভাগে রাজস্বখাতে পদ সৃজন | ০১ | ১০০ | ৭৫ |
| (৪) | [৫.২.১] ফায়ার সার্ভিসের অফিস পরিদর্শন | ০১ | ১৩০ | ১০৭ |
| (৫) | [৫.২.২] ডিএনসি'র অফিস পরিদর্শন | ০১ | ৬০ | ৪৫ |
| (৬) | [৫.২.৩] কারা অধিদপ্তরের অফিস পরিদর্শন | ০১ | ৫৫ | ৪০ |
| (৭) | [৫.২.৪] পাসপোর্ট অফিস পরিদর্শন | ০১ | ৬০ | ৪০ |
| (৮) | [এম.১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকরণ | ০.৫ | ৯০% | ৫০% |
| (৯) | [এম.১.৬.২] অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | ০.৫ | ৯০% | ৫০% |
| (১০) | [এম.২.১.১] ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ প্রেরণ | ০.৫ | ৬০% | ৪০% |
| (১১) | [এম.২.১.২] নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | ০.৫ | ৫০% | ৩০% |
| (১২) | [এম.২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধকরণ | ০১ | ১০০% | ৮০% |

এপিএ টিম প্রধান আরো জানান যে, নিম্নবর্ণিত সূচকসমূহের বিপরীতে আংশিক অর্জন হয়েছে :

| ক্রমিক | সূচক | সূচকের মান | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জিত নম্বর |
|---|---|---|---|---|---|
| (১) | [১.১.৫] দুর্যোগে সাড়া প্রদানের সময় | ০১ | ৬.০০ মি:/ কি:মি: | ৬.২৩ মি:/ কি:মি: | ০.৮২ |
| (২) | [৩.৩.৩] হ্রাসকৃত কারাবন্দি মৃত্যু হার | ০২ | ২.৮% | ২.৮৭% | ১.৭২ |
| (৩) | [৫.৫.১] দ্বৈত নাগরিকত্ব প্রদান | ০১ | ৩০০০ জন | ২৭৩৫ জন | ০.৯১ |
| (৪) | [এম.১.২.১] ০১টি ই-সার্ভিস চালুকরণ | ০১ | ১৫/১/২০১৯ | ১৪/২/২০১৯ | ০.৯১ |
| (৫) | [এম.২.৪.১] এডিপি বাস্তবায়ন | ০২ | ১০০% | ৯৯.৫% | ১.৯৮ |
| (৬) | [এম.২.৬.১] অব্যবহৃত/অকেজো যানবাহন নিষ্পত্তিকরণ | ০.৫ | ৮০% | ৭০% | ০.৪৫ |
| (৭) | [এম.২.৮.১] শূন্য পদে নিয়োগ দান | ০১ | ৮০% | ৭১.৮% | ০.৯২ |
| (৮) | [এম.৩.১.২] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ০১ | ১০০% | ৯৪% | ০.৮৮ |
| (৯) | [এম.৩.২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ০১ | ১০০% | ৯০% | ০.৯ |

০৪। <u>২০১৯-২০২০ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করা সংক্রান্ত</u> :

এপিএ টিম প্রধান জানান যে, ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচকের সংখ্যা ৭৯টি। তন্মধ্যে ৪৫টি সুরক্ষা সেবা বিভাগের কৌশলগত উদ্দেশ্য এবং বাকী ৩৪টি সূচক আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-যা সকল মন্ত্রণালয়/বিভাগের জন্য সমভাবে প্রযোজ্য। এ সব সূচকের মধ্যে নির্ধারিত তারিখের মাধ্যমে যে সকল সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে সেগুলো নিম্নরূপ :

| ক্রমিক | সূচকের নাম | মান | সর্বোচ্চ লক্ষ্যমাত্রা | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা | এ পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|
| (১) | [১.৩.১] ডিএনসি'র কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিধি, ২০১৯ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ০১ | ৩০/১০/২০১৯ | ৩০/০৫/২০২০ | - |
| (২) | [১.৩.২] এ্যালকোহল বিধিমালা, ২০১৯ এর প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ০১ | ২৭/২/২০২০ | ২৮/৫/২০২০ | - |
| (৩) | [১.৪.২] মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের ডিপিপি প্ল্যানিং কমিশনে প্রেরণ | ০১ | ২৮/৮/২০১৯ | ২৯/১২/২০১৯ | অর্জিত হয়েছে। |
| (৪) | [১.৪.৩] ডোপটেস্ট প্রকল্পের ডিপিপি প্ল্যানিং কমিশনে প্রেরণ | ০১ | ২৮/১১/২০১৯ | ২৭/২/২০১৯ | - |
| (৫) | [২.১.১] এফএসসিডি পুনর্গঠনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | ০২ | ০১/১০/২০১৯ | ০১/১/২০২০ | ১১/৯/২০১৯ |
| (৬) | [২.৩.১] অগ্নি প্রতিরোধ বিধিমালা, ২০১৪ সংশোধনের প্রস্তাব আইন ও বিচার বিভাগে প্রেরণ | ০২ | ০২/২/২০২০ | ০৩/৫/২০২০ | - |
| (৭) | [২.৩.২] ফায়ার সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৯৯ সংশোধনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | ০১ | ০১/১০/২০১৯ | ০১/০১/২০২০ | অর্জিত হয়েছে। |
| (৮) | [৩.১.৩] ১০টি বৈদেশিক মিশনে ৩০টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | ০১ | ৩১/১২/২০১৯ | ২৬/৪/২০২০ | - |
| (৯) | [৩.২.১] ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম শুরুকরণ | ০২ | ২৯/৮/২০১৯ | ৩১/১২/২০১৯ | ২৯/৮/২০১৯ |
| (১০) | [৩.২.২] ঢাকা বিমানবন্দরে ০৩টি ই-গেইট স্থাপন | ০২ | ৩১/১২/২০১৯ | ২৬/৪/২০২০ | অর্জিত হয়েছে। |
| (১১) | [৩.৩.১] ভিসা নীতিমালার খসড়া প্রণয়ন | ০১ | ৩১/১২/২০১৯ | ৩১/৩/২০২০ | - |
| (১২) | [৩.৩.২] ইমিগ্রেশন নীতিমালার খসড়া প্রণয়ন | ০১ | ৩০/৪/২০২০ | ৩০/৬/২০২০ | - |
| (১৩) | [৩.৪.১] মন্ত্রণালয় পর্যায়ে ই-ভিসা ও ই-টিপি প্রকল্পের ডিপিপি অনুমোদনকরণ | ০২ | ১৪/৫/২০২০ | ২৫/৬/২০২০ | - |
| (১৪) | [৩.৪.২] ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ডিপিপি প্রণয়ন | ০১ | ৩১/৩/২০২০ | ২৫/৬/২০২০ | - |
| (১৫) | [৩.৪.৩] ১৭টি পাসপোর্ট অফিসের নির্মাণ কাজ সম্পন্নকরণ | ০১ | ১০/৬/২০২০ | ৩০/৬/২০২০ | - |
| (১৬) | [৩.৪.৪] ১৬টি পাসপোর্ট অফিসের ভবন নির্মাণের জন্য ভূমি অধি গ্রহণের কাজ সম্পন্নকরণ | ০১ | ৩১/৩/২০২০ | ১৫/৬/২০২০ | - |
| (১৭) | [৩.৪.৫] মন্ত্রণালয় পর্যায়ে ডিআইপি'র হেডকোয়ার্টার নির্মাণ প্রকল্পের ডিপিপি অনুমোদন | ০১ | ২৭/২/২০২০ | ২৫/৬/২০২০ | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১৮) | [৪.৬.২] বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংরক্ষণ কার্যক্রম উদ্বোধন | ০৩ | ১৭/৩/২০২০ | ১৭/৬/২০২০ | - |
| (১৯) | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন | ০.৫ | ১০/১/২০২০ | ৩১/১/২০২০ | - |
| (২০) | [১.২.১] নতুন ডিজিটাল সেবা চালুকরণ | ০১ | ১৫/২/২০২০ | ৩০/৫/২০২০ | - |
| (২১) | [১.৩.১] উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকরণ | ০১ | ১১/০৩/২০২০ | ০৮/৪/২০২০ | - |
| (২২) | [১.৫.১] সেবা সহজিকরণ আদেশ জারিকৃত | ০.৫ | ১৫/১০/২০১৯ | ৩০/১০/২০১৯ | অর্জিত হয়েছে। |
| (২৩) | [১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়ন | ০.৫ | ১৫/৪/২০২০ | ১৫/৬/২০২০ | - |
| (২৪) | [২.১.৪] সংস্থার চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনকরণ | ০.৫ | ৩১/১/২০২০ | ১৪/২/২০২০ | - |
| (২৫) | [২.২.২] বার্ষিক প্রতিবেদন প্রকাশকরণ | ০১ | ১৫/১০/২০১৯ | ৩১/১/২০২০ | অর্জিত হয়েছে। |
| (২৬) | [২.৪.৩] সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ চালুকরণ | ০.৫ | ৩১/১২/২০১৯ | ২৮/২/২০২০ | - |
| (২৭) | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন | ০.৫ | ১৬/৮/২০১৯ | ৩০/৮/২০১৯ | অর্জিত হয়েছে। |

০৫। ২০১৯-২০২০ অর্থবছরের অন্যান্য গুরুত্বপূর্ণ সূচকসমূহ:

| ক্রমিক | সূচকের নাম | মান | সর্বোচ্চ লক্ষ্যমাত্রা | সর্বনিম্ন লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| (১) | [১.১.১] মাদকবিরোধী এ্যানফোর্সমেন্ট কমিটির সভা অনুষ্ঠান | ০২ | ০৫ | ০৪ |
| (২) | [১.১.২] মাদকবিরোধী সমাবেশ | ০২ | ০৫ | ০৩ |
| (৩) | [১.১.৩] মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভা অনুষ্ঠান | ০২ | ১২ | ০৭ |
| (৪) | [১.১.৪] কারাগারসমূহে পরিচালিত মাদকবিরোধী কার্যক্রমের মূল্যায়ন | ০২ | ৪০ | ২০ |
| (৫) | [১.১.৫] শিক্ষা প্রতিষ্ঠানের মাদকবিরোধী কমিটির কার্যক্রম মূল্যায়ন | ০১ | ১০০ | ৬০ |
| (৬) | [১.২.১] বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন | ০২ | ৫০ | ৩০ |
| (৭) | [২.২.২] বহুতল ভবনের ফায়ার ড্রিল পরিদর্শন | ০২ | ৩০ | ২০ |
| (৮) | [২.২.৩] বস্তি এলাকায় ফায়ার ড্রিল পরিদর্শন | ০২ | ৩০ | ২০ |

০৬। এপিএ'র বার্ষিক মূল্যায়নে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়কে সম্মাননা প্রদান:

মন্ত্রিপরিষদ বিভাগ গত ১৭/১১/২০১৯ তারিখে জানিয়েছে যে, মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটির ২১তম সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

> "মন্ত্রণালয়/বিভাগ তার আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত দপ্তর/সংস্থাকে এবং দপ্তর/সংস্থা তার আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয়সমূহের এপিএ মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কার্যালয়কে সম্মাননা প্রদান করবে।"

০৭। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ০৪টি দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ মূল্যায়ন করা হয়েছে। মূল্যায়নের ফলাফল নিম্নরূপ:

(১) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ'তে কৌশলগত উদ্দেশ্যের আওতায় কর্মসম্পাদন সূচকের সংখ্যা ২০টি। তন্মধ্যে ১.১.২, ১.৪.১, ৩.২.১, ৩.৪.১ ও ৬.১.১ নং সূচকের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়নি। ৩.১.১, ৪.৪.১ এবং ৫.১.১ নং সূচকের কোন লক্ষ্যমাত্রাই অর্জিত হয়নি। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এম.১.১.১, এম.১.৪.২ এবং এম.৪.১.২ নং সূচকের কোন লক্ষ্যমাত্রাই অর্জিত হয়নি। এম.১.১.২, এম.১.১.৩, এম.১.২.১, এম.১.৩.১, এম.১.৪.১, এম.১.৫.১, এম.১.৬.১, এম.১.৬.২, এম.২.১.২, এম.২.৩.১, এম.৩.৩.১, এম.৪.২.২ এবং এম.৪.৩.১ নং সূচকের লক্ষ্যমাত্রা আংশিক অর্জিত হয়েছে। সার্বিক মূল্যায়নে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের স্কোর দাড়িয়েছে ৭৬.৫১।

(২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ'তে কৌশলগত উদ্দেশ্যের আওতায় কর্মসম্পাদন সূচকের সংখ্যা ১৬টি। তন্মধ্যে ৪.১.১ ও ৪.২.১ নং সূচকের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়নি। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এম.১.৪.২ এবং এম.২.১.২ সূচকের কোন লক্ষ্যমাত্রাই অর্জিত হয়নি। এ ছাড়া, ৪.১.১ এবং ৪.২.১ নং কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ার স্বপক্ষে কোন প্রমাণক পাওয়া যায়নি। কিন্তু মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঐ ০২টি সূচকের ক্ষেত্রে যথাক্রমে ৭০% ও ৯০% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে বলে প্রতিবেদন দাখিল হয়েছে। ঐ ০২টি সূচকের ওয়েটেড স্কোর হয়েছে ১.৪ ও ২.৭। প্রমাণক না থাকায় এবং বাস্তবে প্রশিক্ষণ একাডেমি এবং ০৭টি

বিভাগীয় শহরের নিরাময় কেন্দ্রের প্রকল্প অদ্যাবধি গৃহীত না হওয়ায় ঐ ০২টি ওয়েটেড স্কোর মোট নম্বর থেকে বাদ দেয়া হয়েছে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্কোর দাড়িয়েছে ৯২.৫০।

(৩) কারা অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ'তে কৌশলগত উদ্দেশ্যের আওতায় কর্মসম্পাদন সূচকের সংখ্যা ১৬টি। তন্মধ্যে ১.১.২ নং সূচকের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়নি। ২.১.৩ নং সূচকের কোন লক্ষ্যমাত্রাই অর্জিত হয়নি। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এম.১.১.১, এম.১.১.২, এম.১.১.৩ এবং এম.২.৩.১ নং সূচকের লক্ষ্যমাত্রা আংশিক অর্জিত হয়েছে। সার্বিক মূল্যায়নে কারা অধিদপ্তরের স্কোর দাড়িয়েছে ৯৪.৯৮।

(৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ'তে কৌশলগত উদ্দেশ্যের আওতায় কর্মসম্পাদন সূচকের সংখ্যা ২৭টি। তন্মধ্যে ৫.৩.১ নং সূচকের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়নি। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এম.২.৩.১ এবং এম.৪.১.২ নং সূচকের লক্ষ্যমাত্রা আংশিক অর্জিত হয়েছে। সার্বিক মূল্যায়নে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্কোর দাড়িয়েছে ৯৬.৩০।

০৮। উক্ত মূল্যায়ন প্রতিবেদন গত ২৯/৮/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দপ্তর/সংস্থার আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের এপিএ মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কার্যালয়কে সম্মাননা প্রদানের জন্য দপ্তর/সংস্থা প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৮.১) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে বিভাগ এবং দপ্তর/সংস্থার এপিএ টিম প্রধানগণ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন;

(৮.২) বিভাগ এবং দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনাক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(৮.৩) ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে অনুবিভাগ প্রধানগণ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে নিয়মিত যোগাযোগপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন;

(৮.৪) ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হওয়ায় ঐ অধিদপ্তরকে সম্মাননা প্রদানের ব্যবস্থা করতে হবে;

(৮.৫) দপ্তর/সংস্থার প্রধানগণ নিজ নিজ আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয়সমূহের এপিএ মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কার্যালয়কে সম্মাননা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(৮.৬) অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

(৮.৭) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এপিএ সংক্রান্ত বিশেষজ্ঞ পুল পুনর্গঠন করতে হবে;

(৮.৮) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে সুরক্ষা সেবা বিভাগের বর্তমানে বিদ্যমান এপিএ টিম পুনর্গঠন করতে হবে;

(৮.৯) ইমিগ্রেশন নীতিমালা প্রণয়ন সংক্রান্ত টার্গেটের বিষয়ে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সাথে আলোচনা করে বিষয়টি সম্পর্কে নিশ্চিত হতে হবে;

(৮.১০) ৩১/১২/২০১৯ তারিখে বাস্তবায়ন করার জন্য যে সকল টার্গেট নির্ধারিত আছে সেগুলো যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

০৯। পরিশেষে, সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।